

■■ মুখতাসারুল ফাওয়ায়েদ (ইবনুল কাইয়েয়ম রহ.-এর আল-ফাওয়ায়েদ অবলম্বনে)

বিভাগ/অধ্যায়ঃ পরিচ্ছেদ: পাপের মূলসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ্ক্ম

পরিচ্ছেদ: পাপের মূলসমূহ

ছোট বড় সব ধরণের পাপের মূল হলো তিনটি। আল্লাহ ব্যতীত অন্যের সাথে অন্তরকে সম্পৃক্ত করা, রাগশক্তির আনুগত্য ও প্রবৃত্তিশক্তির কথা অনুযায়ী চলা। এ তিনটি কাজ ক্রমানুসারে শির্ক, যুলুম ও অল্লীলতা। আল্লাহ ব্যতীত অন্যের সাথে সম্পৃক্ত হওয়া ও তাঁর সাথে অন্য কাউকে ডাকার পরিণতি শির্ক। রাগের মাথায় কোনো কাজ করার সর্বোচ্চ অন্যায় হচ্ছে হত্যা করা। আর অল্লীলশক্তির আনুগত্য করে কাজ করলে এর পরিণতি যিনায় লিপ্ত হওয়া। এ কারণেই আল্লাহ তা'আলা এ তিনটি কাজকে একত্রে এভাবে বলেছেন,

﴿ وَٱلَّذِينَ لَا يَدا عُونَ مَعَ ٱللَّهِ إِلَٰهًا ءَاخَرَ وَلَا يَقا تُلُونَ ٱلنَّفاسَ ٱلَّتِي حَرَّمَ ٱللَّهُ إِلَّا بِٱلاَّحَقِّ وَلَا يَزانُونَ ٨٦ ﴾ [الفرقان: ٦٨]

"আর যারা আল্লাহর সাথে অন্য ইলাহকে ডাকে না এবং যারা আল্লাহ যে নাম্পকে হত্যা করা নিষেধ করেছেন যথার্থ কারণ ছাড়া তাকে হত্যা করে না। আর যারা ব্যভিচার করে না।" [সূরা আল-ফুরকান, আয়াত: ৬৮] এ তিনটি অন্যায় কাজ একটির দিকে অন্যটি আহ্বান করে। শির্ক যুলুম ও অল্লীলতার দিকে ডাকে যেমনিভাবে ইখলাস ও তাওহীদ ব্যক্তিকে যুলুম ও অল্লীল কাজ থেকে বিরত রাখে। আল্লাহ তা আলা বলেছেন,

(۲٤ يوسف: ۲٤) إِنَّهُ اَلسُّوَءَ وَالْاَفَحَاشَاءَا إِنَّهُ اَ مِن عَبَادِنَا السَّوَءَ وَالْاَفَحَاشَاءَا إِنَّهُ السُّوَءَ وَالْاَفَحَاشَاءَ الْعَادِينَ الْاَصَارِفَ عَنالهُ السُّوَءَ وَالْاَفَحَاشَاءَ الْعَادِينَا اللهُ الل

Source — https://www.hadithbd.com/books/link/?id=9727

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন